



ST. LAWRENCE HIGH SCHOOL

A JESUIT CHRISTIAN MINORITY INSTITUTION
27, Ballygunge Circular Road, Kolkata - 700 019



Term - 2nd
Answer Worksheet - 16
Class - 2

Subject : Bengali Grammar
Topic : বোধ পরীক্ষণ

Date : 30.09.2020

নীচের অংশটি পড়ে উত্তরগুলি লেখ।

বীরসিংহ গ্রাম থেকে পায়ে হেঁটে কলকাতায় আসছেন বিদ্যাসাগর। মাঠের মাঝে দেখতে পেলেন এক বৃদ্ধ কৃষককে। তার মাথায় একটা বোঝা। একে বয়স হয়েছে, তার ওপর বেশ ভারী বোঝা। বেচারার চলবার শক্তি নেই। তার বাড়ি আবার কাছে নয়, দু'তিন ফ্রেগশ দূরে। বৃদ্ধের এই অবস্থা দেখে বিদ্যাসাগর ছুটে গেলেন তার কাছে। জিজ্ঞেস করে জানতে পারলেন, তার জোয়ান ছেলে ভারি মোটটা তার মাথায় চাপিয়ে দিয়ে তাকে বলে গেছে বাড়ি যেতে। বৃদ্ধের কষ্ট দেখে বিদ্যাসাগরের চোখে জল এল। ক্ষুব্ধ হলেন ছেলেটির আচরণে। এরপর বিদ্যাসাগর যা করলেন, তা তাঁর পক্ষেই সম্ভব। মোটটা নিজের মাথায় তুলে নিয়ে বললেন, চল, আমিই এটা পৌঁছে দিচ্ছি তোমার বাড়ি।

১) বিদ্যাসাগর পায়ে হেঁটে কোথা থেকে কোথায় যাচ্ছিলেন?

উঃ বিদ্যাসাগর পায়ে হেঁটে বীরসিংহ গ্রাম থেকে কলকাতায় যাচ্ছিলেন।

২) মাঠের মাঝে তিনি কাকে দেখতে পেলেন?

উঃ মাঠের মাঝে তিনি এক বৃদ্ধ কৃষককে দেখতে পেলেন।

৩) কে কৃষকের মাথায় একটি ভারী বোঝা চাপিয়ে দিয়েছিল?

উঃ কৃষকের জোয়ান ছেলে কৃষকের মাথায় একটি ভারী বোঝা চাপিয়ে দিয়েছিল।

৪) কী কারণে বিদ্যাসাগরের চোখে জল এল?

উঃ বৃদ্ধ কৃষকের কষ্ট দেখে বিদ্যাসাগরের চোখে জল এল।

৫) পরিশেষে বিদ্যাসাগর কী করলেন?

উঃ পরিশেষে বিদ্যাসাগর কৃষকের মাথার ভারী বোঝাটা নিজের মাথায় তুলে নিয়ে বললেন, চল, আমিই এটা পৌঁছে দিচ্ছি তোমার বাড়ি।

৬) অর্থ লেখ : ক্ষুব্ধ

ক্ষুব্ধ — দুঃখিত।

৭) শূন্যস্থান পূরণ কর :

বৃদ্ধের বাড়ি আবার কাছে নয়, দু'তিন ফ্রেগশ দূরে।

৮) বাক্য রচনা কর : কলকাতা

কলকাতা — আমার প্রিয় শহর হল কলকাতা।

৯) স্ত্রীলিঙ্গে পরিবর্তন কর : বৃদ্ধ

পুংলিঙ্গ স্ত্রীলিঙ্গ

বৃদ্ধ — বৃদ্ধা।

১০) বিপরীত শব্দ লেখ : কষ্ট

কষ্ট — আনন্দ।

১১) পদ পরিবর্তন কর : গ্রাম

গ্রাম — গ্রাম্য।

১২) সমার্থক শব্দ লেখ : মাথা

মাথা — মস্তক।

Rita Das